**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৭৯-আইন/২০২৫/৩০৭-মূসক।-** জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) তে উল্লিখিত "৫,০০০ (পাঁচ হাজার)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১,০০০ (এক হাজার)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৬ এর-

(অ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "সুবিধাজনক সময়ে" শব্দগুলির পরিবর্তে "আবেদন দাখিলের সময় শেষ হওয়ার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে" শব্দগুলি, বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "মহাপরিচালক" শব্দের পর "পরীক্ষা গ্রহণের" শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(ই) উপ-বিধি (৫) এ উল্লিখিত "মহাপরিচালক" শব্দের পর "ফলাফল প্রকাশের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(৩) বিধি ৭ এ উল্লিখিত কমিটির ক্রমিক ০২ এ উল্লিখিত "সহকারী/উপ" শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "যুগ্ম/অতিরিক্ত" শব্দগুলি ও চিহ্ন এবং ক্রমিক ০৩ এ উল্লিখিত **"সহকারী/উপ"** শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "যুগ্ম/অতিরিক্ত" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(৪) বিধি ৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৯ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৯। **পরীক্ষার সিলেবাস।–** (১) পরীক্ষার সিলেবাস নিম্নরূপ হইবে, যথা:-

| ক্রমিক | বিষয় | নম্বর |
|---|---|---|
| (ক) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ | ৪০ |
| (খ) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ | |
| (গ) | উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারীকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ | |
| (ঘ) | সাধারণ গণিত | ১০ |
| (ঙ) | বাংলা ও ইংরেজি | ১০ |
| (চ) | কাস্টমস আইন, ২০২৩ | ২৫ |
| (ছ) | আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) | ১৫ |
| (জ) | রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) | |
| (ঝ) | The Foreign Exchange Regulations Act, 1947 | |
| (ঞ) | The Import and Export (Control) Act, 1950 | |

(২) জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোন নির্দেশনা না থাকিলে মহাপরিচালক তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় দ্বিস্তর পদ্ধতিতে (প্রিলিমিনারি ১ ঘন্টা, প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষা ৩ ঘন্টা) পরীক্ষা গ্রহণের জন্য প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।"

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

(মোহাঃ মসিউর রহমান)
প্রথম সচিব (মূসক নীতি)

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com